গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৫.২৬.৪৮১

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

বিষয়: **বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত সরকারি নির্দেশনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ।**

জাতীয় পর্যায়ে বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে এ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহের কার্যকর বাস্তবায়ন এবং কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ উৎসাহিত ও নিশ্চিতকরণের উদ্দেশ্যে ইতোমধ্যে 'আন্তঃমন্ত্রণালয় সমন্বয় ও তদারকি কমিটি' গঠনপূর্বক এর কার্যপরিধি নির্ধারণ করা হয়েছে (কপি সংযুক্ত)। সাম্প্রতিক তদারকি কার্যক্রমে উক্ত নির্দেশনাসমূহের যথাযথ প্রতিপালন এবং কমিটির কার্যপরিধি বাস্তবায়নে শিথিলতার মনোভাব পরিলক্ষিত হয়েছে। তদুপরি মন্ত্রণালয়/বিভাগের করিডোর, বারান্দা এবং ভবনের আশপাশে ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক ক্যাবলের অপ্রয়োজনীয়, অতিরিক্ত ও অবিন্যস্ত ব্যবহার সুষ্ঠু কর্মপরিবেশ বাস্তবায়নে প্রতিবন্ধকতা তৈরি করছে।

২। এমতাবস্থায়, বিদ্যুৎ সাশ্রয়ে সরকারি নির্দেশনাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতপূর্বক এ বিভাগকে আবশ্যিকভাবে অবহিতকরণ এবং মন্ত্রণালয়/বিভাগের করিডোর, বারান্দা ও ভবনের আশপাশে ব্যবহৃত ঝুঁকিপূর্ণ, অপ্রয়োজনীয় ও অতিরিক্ত বৈদ্যুতিক ক্যাবলসহ অন্যান্য ক্যাবল অপসারণপূর্বক সুবিন্যস্ত ও সুশৃঙ্খলভাবে স্থাপন/ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
(১) নির্দেশনা ও কমিটি গঠন সংক্রান্ত পত্র

২৯-০৭-২০২৬
তানিয়া আফরোজ
উপসচিব
ফোন : ২২৬৬৪১০৪৮
ইমেইল : general_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৫.২৬.৪৮১/১ (২)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।

১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

চলমান পাতা -১/২

২৯-০৭-২০২৬
তানিয়া আফরোজ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা
www.mole.gov.bd

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০০০.০১১.৯৯.০০০৯.২০.৬২৭

বিষয়: **বিদ্যুৎ সাশ্রয়ে সরকারি নির্দেশনার যথাযথ বাস্তবায় নিশ্চিতকরণ।**

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ সাশ্রয়ে সরকারি নির্দেশনাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতপূর্বক এ বিভাগকে আবশ্যিকভাবে অবহিতকরণ এবং মন্ত্রণালয়/বিভাগের করিডোর, বারান্দা ও ভবনের আশপাশে ব্যবহৃত ঝুঁকিপূর্ণ, অপ্রয়োজনীয় ও অতিরিক্ত বৈদ্যুতিক ক্যাবলসহ অন্যান্য ক্যাবল অপসারণপূর্বক সুবিন্যস্ত ও সুশৃঙ্খলভাবে স্থাপন/ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে পৃষ্ঠাঙ্কনের মাধ্যমে অবহিত করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বিদ্যুৎ সাশ্রয়ে সরকারি নির্দেশনাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতপূর্বক এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে পৃষ্ঠাঙ্কনের মাধ্যমে অবহিত করা যেতে পারে।

সংযুক্তিসমূহঃ

(১) নির্দেশনা ও কমিটি গঠন সংক্রান্ত পত্র

(২) 04_00_0000_000_416_99_0005_26_481-2026-07-29-1785298068

১৭-০৯-২০২৬
জিন্নাত শহীদ পিংকি
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪০৭৩
ইমেইল : sasadmin@mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০০০.০১১.৯৯.০০০৯.২০.৬২৭/১(১৩)

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩ / ১৭ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, শ্রম আপীল ট্রাইব্যুনাল।
৩। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর ।
৪। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
৫। পরিচালক, পরিচালক এর কার্যালয়, কেন্দ্রীয় তহবিল।
৬। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন।
৭। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড।
৮। সকল কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১২। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৩। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

১৭-০৯-২০২৬
জিন্নাত শহীদ পিংকি
সিনিয়র সহকারী সচিব